**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ**
**www.legislativediv.gov.bd**

**বিষয়: লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত এপিএ (APA) কমিটির সভার কার্যবিবরণী।**

লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে বিগত ১৪-০২-২০২২ খ্রি: রোজ সোমবার বেলা ১১.০০ ঘটিকায় লেজিসেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের যুগ্মসচিব ও এপিএ টিম প্রধান ড. মোহাম্মদ মহিউদ্দীন এর সভাপত্বিত্বে (সরকারি পরিবহন পুল ভবনস্থ সভাকক্ষে, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিতির তালিকা **পরিশিষ্ট 'ক'** তে সংযুক্ত করা হলো।

২. সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার আলোচ্যসূচী অনুযায়ী সভা শুরু করেন। এ পর্যায়ে তিনি সভাকে জানান যে, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত কার্যক্রমের বিপরীতে কর্মসম্পাদন সূচক অনুযায়ী পদক্ষেপ গ্রহণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অদ্যকার সভা আয়োজন করা হয়েছে। উক্ত সভায় বিগত সভার সিদ্ধান্ত পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় দেখা যায় যে, এপিএ কমিটির বিগত সভার সিদ্ধান্তসমূহ ইতঃমধ্যে বাস্তবায়ন হয়েছে। সভায় সভাপতি মহোদয় উল্লেখ করেন বিগত অর্থ বছরের মানবাধিকার কমিশন এর সূচক নং ৩.১ অর্জন না করায় এ বিভাগের এপিএতে প্রাপ্ত নম্বরের পরিমান কম। তিনি আরো বলেন আইন কমিশন ও মানবাধিকার কমিশন আইন সৃষ্ট স্বাধীন প্রতিষ্ঠান। এ দুটি কমিশনের বাজেট প্রণয়ন ও পদ সৃজন প্রশাসনিক বিভাগ হিসেবে এ বিভাগের মাধ্যমে করতে হয়। প্রশাসনিক বিভাগ হিসেবে মন্ত্রিপরিষদ বিভাগকে উক্ত কমিশন দুটোর বিষয়ে নিয়মিত রিপোটিং করতে হয়। তাই এ দুটো কমিশনের জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের এপিএ চুক্তিতে কিছু বিষয় অন্তর্ভুক্তি করা হয়। এ পর্যায়ে, তিনি নির্ধারিত সময়ে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ১ম এ ২য় কোয়াটারের প্রমাণকসমূহ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করায় কর্মসম্পাদন শাখার সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

৩. সভায় সামগ্রিক আলোচনা এবং উপস্থিত সকলের ঐকমত্যের ভিত্তিতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়, যথাঃ

সিদ্ধান্তসমূহঃ

(ক) APA এর সূচক ৪.১.১. অনুযায়ী মানবাধিকার কমিশনের অভিযোগ নিষ্পত্তির হার ৫০% করতে হবে।

(খ) ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) সম্পাদনের পূর্বে আইন কমিশন ও মানবাধিকার কমিশন এর প্রতিনিধির সাথে সভার আয়োজন করতে হবে।

(গ) আইন কমিশনের ওয়েবসাইট ন্যাশনাল ওয়েব পোর্টাল এর অনুরূপ হতে হবে।

(ঘ) ৩য় কোয়াটারের যেসকল বিষয়গুলো ইতোমধ্যে সম্পাদিত হয়েছে সেগুলোর প্রমাণক অতিসত্তর সংগ্রহ করে আগামী ১৪ এপ্রিলের মধ্যে তা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।

৪. সভায় আর কোনো আলোচ্যসূচী না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

28/2/2022

(ড. মোহাম্মদ মহিউদ্দীন)
যুগ্ম-সচিব এবং টিম প্রধান
এপিএ বাস্তবায়ন পরিবীক্ষণ ও সমন্বয় কমিটি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়: লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের এপিএ টিমের সভা।
সভাপতি: যুগ্ম-সচিব (টিমপ্রধান), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
তারিখ ও সময়: ১৪ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিস্টাব্দ, সোমবার, ১১:০০ ঘটিকা।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা

| ক্রমিক নং | নাম ও পদবী | মন্ত্রণালয়/বিভাগ | টেলিফোন নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১। | আতোয়ার রহমান<br>সচিব (জেলা ও দায়রা জজ) | আইন কমিশন | ০১৭১২-১১৯১৩১<br>atwarata@gmail.com | ১৪-০২-২০২২ |
| ২। | মোহাম্মদ মোরশেদ ইমতিয়াজ<br>মুখ্য গবেষণা কর্মকর্তা (জেলা ও দায়রা জজ) | আইন কমিশন | ০১৭১৬৪১৭৩৮০<br>Morshedimtiaz76@gmail.com | ১৪.০২.২০২২ |
| ৩। | মোহাম্মদ জিয়া উদ্দীন<br>সিস্টেম এনালিস্ট | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | ০১৭৪৯৬৯৯৪২১<br>system.analyst@legislativediv.gov.bd | ১৪.02.2022 |
| ৪। | মোহাম্মদ আবদুল হালিম<br>উপসচিব | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | ০১৭১৬৫৫১০৯৩<br>halim@legislativediv.gov.bd | ১৪/২/২২ |
| ৫। | মো. আজহার হোসেন<br>সহকারী পরিচালক | মানবাধিকার কমিশন | ০১৬৮৪০২৭৩২৩<br>ad.training@nhrc.org.bd | ১৪.02.2022 |
| ৬। | মোঃ সাহিনুর রহমান<br>সিনিয়র সহকারী সচিব | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | ০১৯১২০৬৭৫৩৯<br>shahin@legislativediv.gov.bd | ১৪.2.2022 |
| ৭। | মোঃ শাহজাহান মিয়া<br>সিনিয়র সহকারী সচিব (লেজিসলেটিভ অনুবাদ) | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | ০১৬২৪১৩৩৭৩৩<br>shahjahan@legislativediv.gov.bd | ১৪/02/2022 |
| ৮। | মোঃ আরিফ রব্বানী খান<br>সহকারী সচিব (লেজিসলেটিভ অনুবাদ) | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | ০১৭২১১০৭২৯৪<br>arif.rabbani@legislativediv.gov.bd | Arif 14.02.22 |
| ৯। | সৌমেন পালিত বাবু<br>সহকারী সচিব<br>কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | ০১৮১৪৩৭১৫৫৬<br>sowmen.babu@legislativediv.gov.bd | 14.02.2022 |